দৈনিক সংবাদ
15
তারিখ 06 MAY 1987
পৃষ্ঠা ৭ কলাম ৮
২২শে বৈশাখ ১৩৯৪

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## জাতীয় শিক্ষা কমিশন শনিবার থেকে কাজ শুরু করবে

জাতীয় শিক্ষা কমিশনের প্রথম বৈঠক আগামী শনিবার অনুষ্ঠিত হবে এবং সেদিন থেকে কমিশন কাজ শুরু করবে।

কমিশন শিক্ষার সমগ্র ক্ষেত্র নিয়ে বিস্তারিতভাবে আলোচনা করবে। কমিশন শিক্ষার বিভিন্ন পর্যায়ে, যেমন-প্রাথমিক, মাদ্রাসা, মাধ্যমিক, কারিগরি ও মেডিক্যাল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে সুষ্ঠু ব্যবস্থাপনা ও সংস্কারের জন্য সুনির্দিষ্ট সুপারিশ তৈরী করবে।

এসব সুপারিশে শিক্ষাকে বিভিন্ন পর্যায়ে উন্নয়নমুখী ও যুগোপযোগী করার এবং উচ্চতর পর্যায়ে অপচয় এড়ানো ও গবেষণার জন্য সুযোগ-সুবিধা বাড়ানোর দিকে মনোযোগ দেয়া হবে।

কমিশন দেশের অভিজ্ঞ শিক্ষাবিদ ও প্রশাসকদের নিয়ে গঠিত। তাদের মধ্যে আছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব ও বর্তমান উপাচার্যবৃন্দ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ঢাকা আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্যগণ।